

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৪৩৬
তেলিয়ামুড়া, ২০ অক্টোবর, ২০২৩

তুইকর্ম ভিলেজে স্বাস্থ্য শিবির

তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালের উদ্যোগে গতকাল মুঙ্গিয়াকামী ব্লকের তুইকর্ম ভিলেজের তীর্থমণি পাড়াতে একদিনের স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে উপস্থিত ছিলেন খোয়াই জেলার জেলাশাসক চাঁন্দনী চন্দ্রন, মুঙ্গিয়াকামী ব্লকের বিএসসি চেয়ারম্যান সুনীল দেববর্মা, তেলিয়ামুড়া মহকুমার মহকুমা শাসক অভিজিৎ চক্রবর্তী, মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডঃ চন্দন দেববর্মা, বিডিও অভিজিৎ কুমার রিয়াং, মুঙ্গিয়াকামী ব্লকের সিডিপিও অজিত জমাতিয়া, আগরতলা সরকারী মেডিকেল কলেজের এনথ্রোপলজিকেল সার্ভে টিমের ডা. বিকাশ দেববর্মা ও ডা. সুব্রত বৈদ্য প্রমুখ। শিবিরে আলোচনায় অংশ নিয়ে বিএসি চেয়ারম্যান সুনীল দেববর্মা বলেন, রাজ্য সরকার প্রত্যন্ত এলাকায় বসবাসকারী নাগরিকদের শিক্ষা, স্বাস্থ্য, পানীয় জল ও রাস্তাঘাটের সমস্ত সুযোগ সুবিধা পৌঁছে দিতে কাজ করছে। সেই লক্ষ্যেই এই শিবিরের আয়োজন। আগামী দিনগুলিতেও প্রত্যন্ত এলাকায় বিভিন্ন রোগ সনাক্তকরণের জন্য স্বাস্থ্য শিবিরের ব্যবস্থা করা হবে। শিবিরে আলোচনায় অংশ নিয়ে জেলাশাসক চাঁন্দনী চন্দ্রন বক্তব্য রাখেন, শিবিরে স্বাস্থ্য আধিকারিকগণ এলাকায় বসবাসকারী লোকদের সাথে রোগ প্রতিরোধ বিষয় নিয়ে মতবিনিময় করেন। স্বাস্থ্য শিবিরে মোট ৫৭ জন রোগীর স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ঔষধ দেওয়া হয়।
